

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৮১৯

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১ ত্রাণ্টি)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সুদ

আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَبِيعُوا الذَّهَبِ وَلَا الْتَمْرِ وَلَا النَّهْ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «لَا تَبِيعُوا الذَّهَبِ وَلَا التَّمْرِ وَلَا الْمِلْحَ بِالذَّهَبِ وَلَا النَّعْدِرِ وَلَا التَّمْرِ بِالتَّمْرِ وَلَا الْمِلْحَ بِالْمُلْحِ إِلَّا سَوَاءً بِسَوَاءً عَيْنًا بِعَيْنٍ يَدًا بِيَدٍ وَلَكِنْ بِيعُوا الذَّهَبَ بِالْوَرِقِ وَالْوَرِقَ بِالذَّهَبِ بِالْمُلْحِ إِلَّا سَوَاءً بِسَوَاءً عَيْنًا بِعَيْنٍ يَدًا بِيَدٍ وَلَكِنْ بِيعُوا الذَّهَبَ بِالْوَرِقِ وَالْوَرِقَ بِالذَّهَبِ فَاللَّمَ بِالشَّعِيرِ وَالشَّعِيرَ بِالْبُرِّ وَالتَّمْرَ بِالْمِلْحِ وَالْمِلْحَ بِالتَّمْرِ يَدًا بِيَدٍ كَيْفَ شِئْتُمْ» . رَوَاهُ الشَّافِعِي

বাংলা

২৮১৯-[১৩] 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা স্বর্ণের বিনিময়ে স্বর্ণ, রূপার বিনিময়ে রূপা, গমের বিনিময়ে গম, যবের বিনিময়ে যব, খেজুরের বিনিময়ে খেজুর, লবণের বিনিময়ে লবণ বিক্রি করো না- যতক্ষণ পর্যন্ত উভয় দিকের বস্তু সমপরিমাণ না হয়, উভয় বস্তু নগদ লেনদেন না হয় এবং উপস্থিত মাজলিসে হাতে হাতে না হয়। হ্যাঁ, তবে রূপার বিনিময়ে স্বর্ণ, স্বর্ণের বিনিময়ে রূপা, যবের বিনিময়ে গম, গমের বিনিময়ে যব, লবণের বিনিময়ে খুরমা, খেজুরের বিনিময়ে লবণ-উভয়পক্ষ হতে উপস্থিত নগদ লেনদেনের মাধ্যমে যেভাবে ইচ্ছা বিক্রি করতে পারে। (শাফি'ঈ)[1]

ফটনোট

[1] সহীহ : মুসলিম ১৫৭৮, মুসনাদুশ্ শাফি জ ৩/১৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (لَٰكِنْ بِيعُوا الذَّهَبَ كَيْفَ شِبْتُمْ) "রূপার বিনিময়ে সোনা যেমন ইচ্ছা তেমন নগদে বিক্রয় কর" অর্থাৎ সুদ কার্যকর এমন দ্রব্য তা ভিন্ন জাতের দ্রব্যের কমবেশী করে বেচা-কেনাতে কোনো সমস্যা নেই যদি তা নগদ হয়। 'আল্লামা ত্বীবী (রহঃ) বলেনঃ মুদ্রা অথবা খাদ্যদ্রব্য যদি একজাতীয় না হয়ে ভিন্ন জাতীয় হয় তবে তা নগদে



যেমন খুশী তেমন বেচা-কেনা কর। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন